গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৫৯১ তারিখ: ১৬অক্টোবর ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেপ্টেম্বর ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৬ অক্টোবর ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) গ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবা অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত। | পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ বিবেচ্য মাসে প্রাপ্ত কেইসের তুলনা নিষ্পত্তি পরিমান বেশী করেছেন। তাদেরকে মহাপরিচালক ধন্যবাদ জানান। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ায় নিষ্পত্তির সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | অর্গানোগ্রাম সংশোধন করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম অপ্রত্যাশিতভাবে বহুগুণ বৃদ্ধি পাওয়ায় ও জনবলের সংকট থাকায় মাঠ পর্যায়ে নতুন অফিস স্থাপন এবং জনবল বৃদ্ধির প্রয়োজন রয়েছে। তাই বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এমতাবস্থায়, বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনের জন্য ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>১। জনাব শফিকুল ইসলাম আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। জনাব নুরুন আখতার সদস্য<br>পরিচালক (আইআরপি)<br>৩। জনাব মোঃ জহিরুল ইসলাম সদস্য সচিব<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪। জনাব মোঃ শরিফুল ইসলাম সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>৫। জনাব মোঃ জাহিদ আনোয়ার সদস্য<br>উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ)<br>৬। জনাব মোঃ নাজমুল হক সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>উক্ত কমিটি আগামী ১৫ কার্য দিবসের মধ্যে যাবতীয় বিষয়ে পর্যালোচনা করে একটি খসড়া অর্গানোগ্রাম প্রণয়ন করবেন যা পরবর্তী বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | প্রবাসী কর্মীদের কল্যাণে বহুমূখী সেবা প্রদানের লক্ষ্যে কাজের পরিধি বহুলাংশে বৃদ্ধি পাওয়ায় এবং জনবল পর্যাপ্ত না থাকায় মাঠ পর্যায়ে অফিস স্থাপন এবং বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনের প্রয়োজন রয়েছে। এ জন্য ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>১। জনাব শফিকুল ইসলাম আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। জনাব নুরুন আখতার সদস্য<br>পরিচালক (আইআরপি)<br>৩। জনাব মোঃ জহিরুল ইসলাম সদস্য সচিব<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>৪। জনাব মোঃ শরিফুল ইসলাম সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>৫। জনাব মোঃ জাহিদ আনোয়ার সদস্য<br>উপপরিচালক(গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ)<br>৬। জনাব মোঃ নাজমুল হক সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>উক্ত কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে বিদ্যমান অর্গানোগ্রাম পর্যালোচনা করে একটি খসড়া অর্গানোগ্রাম প্রণয়ন করবেন । | সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩.০ | কর্মকর্তা-কর্মচারীদের পেনশন প্রক্রিয়া চালুকরণ। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি শেষে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের ন্যায় পেনশন প্রক্রিয়া চালু করার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>১। জনাব শফিকুল ইসলাম - আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। জনাব মোঃ শরিফুল ইসলাম - সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>৩। জনাব মোঃ আতিকুল আলম -সদস্য সচিব<br>হিসাবরক্ষন কর্মকর্তা<br>উক্ত কমিটি আগামী ১৫ কার্য দিবসের মধ্যে এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চাকুরি শেষে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ন্যায় পেনশন পদ্ধতি চালু করার জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।<br>১। জনাব শফিকুল ইসলাম আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। জনাব মোঃ শরিফুল ইসলাম সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>৩। জনাব মোঃ আতিকুল আলম-সদস্য সচিব<br>হিসাবরক্ষন কর্মকর্তা<br>উক্ত কমিটি আগামী ১৫ কার্য দিবসের মধ্যে এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.০ | বঙ্গবন্ধু ফেলোশীপ প্রদান | প্রবাসী কর্মীর সন্তানদের উচ্চ শিক্ষায় উদ্বুদ্ধ করণে লক্ষ্যে বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী পালন উপলক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ এ উল্লিখিত বঙ্গবন্ধু ফেলোসীপ (এমফিল ও পিএইসডি) প্রদানের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | আগামী ১৫ কার্যদিবসের মধ্যে বঙ্গবন্ধু ফেলোসীপ (এমফিল ও পিএইসডি) প্রদানের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করতে হবে। | পরিচালক (আইআরপি) |
| ৫.০ | কর্মকর্তা/কর্মচারীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর মেধাবী সন্তানদেরকে প্রবাসী কর্মীর সন্তানদের ন্যায় বৃত্তি প্রদানের লক্ষ্য একটি প্রস্তাব উপস্থাপন করা হয়। আলোচনান্তে এতদবিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর মেধাবী সন্তানদেরকে প্রবাসী কর্মীর সন্তানদের ন্যায় বৃত্তি প্রদানের বিষয়টি বিস্তারিত উল্লেখপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), -----------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।